দৈনিক ইত্তেফাক

তারিখ 12 JUL 1993
পৃষ্ঠা ... কলাম ...

129

# সরকারী কলেজ অধ্যাপক সমিতির কর্মসূচী

বাংলাদেশ সরকারী কলেজ প্রভাষক সমিতি ও বাংলাদেশ সরকারী কলেজ অধ্যাপক সমিতি ১২ দফা দাবী বাস্তবায়নের জন্য ১৮ই জুলাই হইতে দুই ঘন্টা, ২৫শে জুলাই হইতে তিন ঘন্টা এবং ১০ই আগষ্ট হইতে চারঘন্টা প্রতীক কর্মবিরতি, কালোব্যাজ ধারণ ও ঘেরাও কর্মসূচী ঘোষণা করিয়াছে। যাবতীয় পরীক্ষা কর্মবিরতির আওতা বহির্ভূত থাকিবে। শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে ২৩৩টি সরকারী কলেজে প্রায় ছয় হাজার শিক্ষক পদ সৃষ্টি ক্ষতিগ্রস্ত প্রভাষকদের ৭ বছরে সহকারী অধ্যাপক সহকারী অধ্যাপকদের ১০ বছরে সহযোগী অধ্যাপক এবং সহযোগী অধ্যাপকদের ১২ বছরে অধ্যাপক পদে ভূতাপেক্ষিক জ্যেষ্ঠতা প্রদান পূর্বক পদোন্নতি প্রদান, উচ্চতর বেতন স্কেল প্রদান, ১৯ কলেজের শিক্ষকদের বেতন বৈষম্য দূরীকরণ, শিক্ষকদের ওয়ারেন্ট অব প্রিসিডেন্সে অন্তর্ভুক্তি, শিক্ষা মন্ত্রণালয়ের ৮০% পদ শিক্ষকদের দ্বারা পূরণ, অবসর গ্রহণের বয়সসীমা ষাট বছর নির্ধারণ এবং মন্ত্রণালয়ের ১০টি বৈঠকের গৃহীত সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে এই কর্মসূচী গ্রহণ করা হইয়াছে।

—প্রেস বিজ্ঞপ্তি